গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
সমন্বয়- ৩ অধিশাখা
www.powerdivision.gov.bd

নং- ২৭.০০.০০০০.০৫৩.৩১.০১১.১৬. ৩৬৭ তারিখঃ ২০- ০৬- ২০১৭ খ্রি.

বিষয়ঃ সচিব, বিদ্যুৎ বিভাগ- এর সাথে আওতাধীন দফতর/সংস্থা/কোম্পানিসমূহের ২০১৭- ১৮ অর্থ- বছরের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ওয়েবসাইটে প্রকাশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সচিব, বিদ্যুৎ বিভাগ- এর সাথে আওতাধীন দফতর/সংস্থা/কোম্পানিসমূহের ২০১৭- ১৮ অর্থ- বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অদ্য ২০- ০৬- ২০১৭ তারিখে স্বাক্ষরিত হয়েছে যা পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে প্রেরণ করা হলো।

০২। দফতর/সংস্থা/কোম্পানিসমূহের জন্য APA এর নীতিমালা অনুযায়ী বিদ্যুৎ বিভাগের আওতাধীন বিভিন্ন দফতর/সংস্থা/কোম্পানিসমূহের ২০১৭- ১৮ অর্থবছরের স্বাক্ষরিত APA ২১ এবং ২২ জুন ২০১৭ তারিখের মধ্যে স্ব- স্ব ওয়েব সাইটে সন্নিবেশ করার নির্দেশনা রয়েছে।

০৩। এমতাবস্থায়, তাঁর দফতর/সংস্থা/কোম্পানির ২০১৭- ১৮ অর্থবছরের জন্য স্বাক্ষরিত APA ২১ এবং ২২ জুন ২০১৭ তারিখের মধ্যে স্ব- স্ব ওয়েবসাইটে আপলোডপূর্বক প্রমানক হিসেবে Snap Short প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।

(আবুল খায়ের মোঃ আমিনুর রহমান)
যুগ্ম- সচিব
ফোন- ৯৫৪০২৮৯
Coord-3@pd.gov.bd

কার্যার্থে বিতরণঃ

০১। চেয়ারম্যান, বাংলাদেশ এনার্জি এন্ড পাওয়ার রিসার্চ কাউন্সিল, ঢাকা।
০২। চেয়ারম্যান, বিউবো/পবিবো, ঢাকা।
০৩। চেয়ারম্যান, স্রেডা, ঢাকা।
০৪। বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শক, ঢাকা
০৫। মহাপরিচালক, পাওয়ার সেল, ঢাকা।
০৬। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি/ডেসকো/পিজিসিবি/ইজিসিবি/ আরপিসিএল/ওজোপাডিকো/ এপিএসসিএল/ নওপাজেকো/নেসকো/কোল পাওয়ার জেনারেশন কোম্পানি/বিপিডিবি- আরপিসিএল পাওয়ারজেন কোম্পানি লিঃ, ঢাকা/খুলনা/রাজশাহী/ব্রাহ্মণবাড়িয়া।

অনুলিপিঃ
০১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), বিদ্যুৎ বিভাগ।
০২। অতিরিক্ত সচিব (সমন্বয়),বিদ্যুৎ বিভাগ।
০৩। উপ- সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।

ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্ট জোন পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানি লিঃ

এবং

সচিব, বিদ্যুৎ বিভাগ এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৭– ৩০ জুন, ২০১৮

# সূচিপত্র

## ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

### উপক্রমণিকা

সেকশন ১: ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

সেকশন ২ : ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩ : কৌশলগত উদ্দেশ্য,অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ২ : কর্মসম্পাদনসূচকসমূহ, বাস্তবায়নকারী সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা

# ওয়েস্ট জোন পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানি লিঃ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**পরিচিতিঃ**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বিদ্যুৎ সেক্টরের সংস্কার কর্মসূচীর অংশ হিসেবে কোম্পানি আইন ১৯৯৪ এর আওতায় ৪ নভেম্বর ২০০২ এ ওয়েষ্ট জোন পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানি লিঃ গঠিত হয়। কোম্পানি গঠনের পরে বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সাথে ২৩/ ০৩/ ২০০৫ তারিখে ওজোপাডিকোর "Provisional Vendor's Agreement (VA) এবং Provisional Power sales Agreement (PSA)" চুক্তি স্বাক্ষরিত হয়। এই দুইটি চুক্তির মাধ্যমে বিউবোর বিতরণ পশ্চিমাঞ্চলের সকল সম্পত্তি ও দায় ওজোপাডিকো'র নিকট হস্তান্তরিত হয় এবং ০১/ ০৪/ ২০০৫ তারিখ থেকে পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে সরকার কর্তৃক নির্ধারিত হারে বিউবোর নিকট হতে বিদ্যুৎ ক্রয় এবং সম্মানীত গ্রাহকদের কাছে বিক্রয় শুরু করে।

**ভৌগলিক এলাকাঃ**

ওয়েষ্ট জোন পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড দেশের দক্ষিণ পশ্চিমাঞ্চলের পল্লী বিদ্যুৎ সমিতির এলাকা ব্যতিত খুলনা ও বরিশাল বিভাগ এবং বৃহত্তর ফরিদপুর জেলাধীন সর্বমোট ২১ (একুশ) টি জেলা শহর এবং ২০(কুঁড়ি) টি উপজেলা সদরে বিদ্যুৎ বিতরন ও বিক্রয় কাজ পরিচালনা করছে। ২০১৬-১৭ সালে ওজোপাডিকোর গ্রাহক সংখ্যা ছিল ৯, ৯০, ২২৮ লক্ষ এবং ওজোপাডিকো'র সর্বোচ্চ চাহিদা ছিল ৬০২ মে: ও: ।

**প্রতিষ্ঠানের উদ্দেশ্যঃ**

ওয়েষ্ট জোন পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড সরাসরি পিডিবির নিকট থেকে বিদ্যুৎ ক্রয় করে নির্মাণাধীন এলাকায় সম্মানিত গ্রাহকগণকে বিদ্যুৎ বিতরন করে থাকে। ওজোপাডিকো'র প্রধান প্রধান উদ্দেশ্যসমূহ নিম্নরুপঃ

- উন্নত গ্রাহক সেবার মাধ্যমে নিরবিচ্ছিন্ন এবং মান সম্পন্ন বিদ্যুৎ সরবরাহ;
- সিস্টেম লস হ্রাস করা;
- সকল শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীদেরকে প্রশিক্ষণের মাধ্যমে কর্মকান্ডে দক্ষতা বৃদ্ধি করা;
- সকল স্তরে জবাবদিহিতা নিশ্চিত করা;
- রাজস্ব আদায় বৃদ্ধি;
- এনার্জি সেভিং যন্ত্রপাতি ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ সাশ্রয় বিষয়ে গ্রাহকদের উদ্বুদ্ধকরণ;
- দপ্তর প্রধান কর্তৃক প্রতি মাসে গ্রাহক শুনানীর ব্যবস্থাকরণ;
- সোলার প্যানেল স্থাপন ও ব্যবহারের পরামর্শ প্রদান;
- নিয়মিত মাসিক পরিদর্শন অব্যাহত রাখা।

**উল্লেখযোগ্য দায়িত্ব এবং কার্যাবলী**

**ক) উল্লেখযোগ্য দায়িত্ব**

(১) কোম্পানি আইন ১৯৯৪ নীতিমালা প্রতিপালন নিশ্চিতকরা;
(২) কোম্পানির নিরীক্ষিত হিসাব পর্যালোচনা ও গ্রহণ, বার্ষিক প্রতিবেদন প্রণয়ন এবং অডিটরস নিয়োগ প্রদান;
(৩) কোম্পানির সার্বিক পরিচালনার জন্য প্রয়োজনীয় নীতিমালা এবং পরিকল্পনা গ্রহণ;
(৪) বার্ষিক রাজস্ব বাজেট অনুমোদন;
(৫) কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা প্রদান;
(৬) কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষকের সার্বিক কর্মকান্ড পর্যালোচনা ও মূল্যায়ন করে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;
(৭) বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান নিশ্চিতকরণ;
(৮) কোম্পানির সম্মানিত শেয়ার হোল্ডারদের স্বার্থ সংরক্ষণ নিশ্চিতকরণ;
(৯) কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক উত্থাপিত বিভিন্ন সেবা, কোম্পানির কাজ বা ক্রয়ের প্রস্তাবনা অনুমোদনসহ বিবিধ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ।

**খ) কার্যাবলীঃ**

ওজোপাডিকো তার সম্মানিত গ্রাহকদের বিদ্যুৎ সরবরাহ প্রদানের সাথে সাথে রুটিন ভিত্তিক নিম্নবর্ণিত কাজ সম্পাদন নিশ্চিত করে।

**পরিচালন কর্মকান্ডঃ**

- বিতরন লাইন ও উপকেন্দ্র সমূহ পুর্নবাসন, মেরামত ও সংরক্ষণ;
- মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে উপকেন্দ্র স্থাপন ও ক্ষমতা বৃদ্ধি;
- নিয়মিত ট্রান্সফরমার লোড ব্যালান্সিং;
- রুটিন ভিত্তিক সিস্টেম মিটার চেকিং এবং টেষ্টিং;
- অগ্রাধিকার ভিত্তিতে গ্রাহক অভিযোগ নিষ্পত্তিকরণ;
- রুটিন মাফিক সংরক্ষণ কার্যাদি সম্পন্ন করা;
- সিস্টেম ভোল্টেজ উন্নতকরণের জন্য ক্যাপাসিটর ব্যাংক স্থাপন।

**ওজোপাডিকো'র উন্নয়ন পরিকল্পনাঃ**

ওয়েষ্ট জোন পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড এর আওতাধীন ২১ টি জেলা ও উহার আওতাধীন বিদ্যুৎ সরবরাহ এলাকায় সিস্টেম লস কমিয়ে আনা, অপারেটিং কষ্ট কমিয়ে আনা এবং ভবিষ্যত লোড গ্রোথ বিবেচনা করে প্রি-পেমেন্ট মিটারিং প্রজেক্ট ফর খুলনা সিটি ফেজ-১, বিদ্যুৎ বিতরন ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প, ওজোপাডিকো'র এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সম্প্রসারন ও আপগ্রেডেশন প্রকল্প হাতে নেওয়া হয়েছে এবং প্রকল্পের কাজ চলমান আছে। প্রকল্পগুলি বাস্তবায়িত হলে নিম্নরুপ ফলাফল পাওয়া যাবেঃ

- প্রকল্পটি বাস্তবায়িত হলে সিস্টেম লস কমিয়ে ৯.৫০% এ আনা যাবে;
- ওভারলোড ট্রান্সফরমার পরিবর্তন করে নতুন ট্রান্সফরমার স্থাপন;
- ট্রান্সফরমার লোড সেন্টারে স্থাপন করা যাবে;
- ওভারলোড ফিডারকে বিভক্ত করে লোড কমানো;
- জরাজীর্ণ বিতরন লাইন পুনর্বাসন করা;
- দীর্ঘ লাইনের দূরত্ব কমিয়ে Standard লাইনে রুপান্তর করণ;
- Undersize Conductor পরিবর্তণ;
- দরিদ্র বিমোচন, বেকারত্ব দূরীকরণ ও আর্থ সামাজিক উন্নয়ন।
- নতুন লাইন নির্মাণ করা যাবে।
- সরকারের রাজস্ব আয় বৃদ্ধি পাবে।

**বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন প্রকল্পসমূহ**

বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরনরে লক্ষ্যে বিদ্যুৎ উৎপাদনকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে সরকারি খাতের পাশাপাশি বেসরকারি খাতে স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ করেছে। বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির সাথে সাথে উৎপাদিত বিদ্যুৎ সুষ্ঠুভাবে বিতরণের লক্ষ্যে ব্যাপক উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ওজোপাডিকো কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্পগুলোর উল্লেখযোগ্য প্রকল্পসমূহ হচ্ছে ঃ

চলমান প্রকল্প ঃ

- প্রি-পেমেন্ট মিটারিং প্রজেক্ট ফর খুলনা সিটি ফেজ-১,
- বিদ্যুৎ বিতরন ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প
- ওজোপাডিকোর এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সম্প্রসারন ও আপগ্রেডেশন প্রকল্প

প্রক্রিয়াধীন প্রকল্পঃ

- ওজোপাডিকো এলাকায় উপকেন্দ্র পূর্নবাসন ও SCADA বাস্তবায়ন।
- ওজোপাডিকো এলাকায় সিস্টেম প্লানিং, প্রকল্প ডিজাইন ও ক্যাপাসিটি বিল্ডিং মূল্যায়ন প্রকল্প (কারিগরি সহায়তা প্রকল্প)।
- ওজোপাডিকো এলাকায় স্থাপনের জন্য ৫ লক্ষ প্রি-পেমেন্ট মিটার ক্রয় প্রকল্প (On Deferred Payment)|
- ওয়েস্ট জোন এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প
- ওয়েস্ট জোন এলাকায় আন্ডার-গ্রাউন্ড বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা প্রকল্প।
- ওজোপাডিকো এলাকায় জি, আই এস ম্যাপিং প্রকল্প
- ওজোপাডিকো এলাকায় প্রি-পেমেন্ট মিটার ম্যানুফ্যাকচারিং প্লান্ট স্থাপন প্রকল্প
- ওজোপাডিকোর এলাকায় বিতরণ ব্যবস্থার সম্প্রসারণ ও পরিবর্ধন প্রকল্প।

ভবিষ্যত প্রকল্প ঃ

- বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নতিকরণ প্রকল্প(২০৩০ ফেজ-১)
- বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নতিকরণ প্রকল্প(২০৩০ ফেজ-২)
- ওজোপাডিকোর আঞ্চলিক মেরামত কারখানা উন্নয়ন ও ট্রান্সফর্মার ম্যানুফ্যাকচারিং প্লান্ট প্রকল্প।
- ওজোপাডিকো'র আওতাধীন অফিস ও আবাসিক ভবন উন্নয়ন প্রকল্প।

**ওজোপাডিকোর আওতায় পরিবেশ ও তথ্য প্রযুক্তির উন্নয়ন ও প্রসার :**

বর্তমান সরকারের অন্যতম নির্বাচনী অংগীকার ২০২১ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ করা। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বাংলাদেশকে একটি স্বনির্ভর মধ্য-আয়ের দেশে উন্নীত করার লক্ষ্যে সরকার রুপকল্প-২০২১ ঘোষণা করেছে। রুপকল্প-২০২১ বাস্তবায়নের ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতকে অগ্রাধিকার খাত হিসেবে বিবেচনা করা হয়েছে। জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালার লক্ষ্য হচ্ছে সকল খাতের অংশগ্রহণে দেশে একটি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সমৃদ্ধি সমাজ গড়ে তোলা। জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালার আলোকে বেসরকারি খাতকে আকৃষ্ট করার লক্ষ্যে বেশ কিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ওজোপাডিকোর সকল

বিদ্যুৎ সরবরাহে তথ্য ও সেবা কেন্দ্র চালু করা হয়েছে। এসব তথ্যকেন্দ্র থেকে জনসাধারণ সরকারি- বেসরকারি এবং বাণিজ্যিক তথ্য ও সেবা পাচ্ছে।

১। বিদ্যুৎ বিল প্রস্তুতঃ ৪৮ টি বিদ্যুৎ সরবরাহতে বিলিং সফটওয়ারের আওতায় বিলিং কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

1. SMS এর মাধ্যমে বিদ্যুৎ বিল আদায়ঃ বাংলালিংক লিঃ এর সহায়তায় এসএমএস এর মাধ্যমে ওজোপাডিকোর ৪০ টি বিদ্যুৎ সরবরাহের বিদ্যুৎ বিল গ্রহণ করা হচ্ছে।
2. ১০৫ টি সেবা কেন্দ্রের মাধ্যমে গ্রাহকদের বিভিন্ন ধরনের অভিযোগ গ্রহণ এবং অভিযোগ নিষ্পত্তি করা হয়।
3. Online এ বিদ্যুৎ সংযোগের আবেদন পদ্ধতিঃ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ইতোমধ্যে Online Application Software ৪৮ টি বিদ্যুৎ সরবরাহে স্থাপন করা হয়েছে এবং Online এ আবেদন কার্যক্রম চলছে
4. Management Information System (MIS)ঃ সকল বিদ্যুৎ সরবরাহ হতে তথ্য ই-মেইল যোগে প্রাপ্তির পর সফটওয়ার আপলোড করে দ্রুত সময়ে গওঝ তৈরি করা হয়।
5. ওজোপাডিকোর Internet Connectivity ঃ ওজোপাডিকোর সকল বিদ্যুৎ সরবরাহে (৪৮টি) Dedicated Internet Connectivity স্থাপন করা হয়েছে।
6. Video Conference System ঃ ওয়েষ্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানীতে Video Conference System স্থাপন করা হয়েছে।
7. ওজোপাডিকোতে Machine Readable Attendant System চালু করা হয়েছে।
8. ওজোপাডিকোতে Personal Information System চালু করা হয়েছে।

**মানব সম্পদ উন্নয়নঃ**

বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা বৃদ্ধি এবং সঞ্চালন ও বিদ্যুৎ খাতের সম্প্রসারণের পাশাপাশি বিদ্যুৎ খাতে কর্মরত সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণ দিয়ে দক্ষ মানব সম্পদে রুপান্তরের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগ ও বিদ্যুৎ খাতের সকল সংস্থা লক্ষমাত্রা ভিত্তিক প্রশিক্ষণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্ট জোন পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানি লিঃ

এবং

সচিব, বিদ্যুৎ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৭ সালের জুন মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন-১:

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives), কার্যাবলী (Functions);

### ১.১ রূপকল্প (Vision)

ওজোপাডিকো এলাকায় বিদ্যুৎ গ্রাহকদের গুণগত মানসম্পন্ন ও নির্ভরযোগ্য বিদ্যুৎ সেবা প্রদানের মাধ্যমে কাংখিত আর্থিক, সামাজিক উন্নয়নও জনকল্যাণ সাধন করে ওজোপাডিকোলিঃ বাংলাদেশের একটি আদর্শ ও সর্বশ্রেষ্ঠ বিদ্যুৎ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান হিসেবে পরিগণিত হওয়া।

### 1.2 অভিলক্ষ্য (Mission)

পেশাগত সেবার উৎকর্ষতার মাধ্যমে যথাযোগ্য ও সাশ্রয়ী মূল্যে গুণগত মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহ করা।

২০২১ সালের মধ্যে ওজোপাডিকোলিঃ এলাকার ২১ টি জেলা ও ২০ টি উপজেলা শহরের সকল জনগণকে বিদ্যুৎ সেবার আওতায় আনা।

বিশেষ দক্ষ সেবা প্রদানের জন্য বিদ্যুৎ সরবরাহ ইউনিটগুলোর মধ্যে প্রতিযোগিতা বৃদ্ধি করা।

পরিচালন ও সংরক্ষণ কাজে আর্ন্তজাতিক মান অনুসরণ এবং আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে গ্রাহকদের উন্নত, গুণগত মানসম্পন্ন ও সন্তোষজনক সেবা প্রদান নিশ্চিতকরণ।

প্রয়োজন মাফিক পেশাগত প্রশিক্ষণের মাধ্যমে জনবলের উন্নতি সাধন করা।

সফল বাণিজ্যিক কার্যক্রম পরিচালনার মাধ্যমে সামঞ্জস্যপূর্ণ আয় বৃদ্ধি, ব্যয় এবং সিস্টেম লস হ্রাস নিশ্চিত করণ।

### 1.3 কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

কোম্পানীর কার্যক্রমভূক্ত এলাকায় সকল গ্রাহক-কে নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহের মাধ্যমে জনগনের আর্থসামাজিক জীবন মানের উন্নয়ন সাধন করা।

কাজের সুষম ও সুন্দর পরিবেশ সৃষ্টির মাধ্যমে কোম্পানীকে আদর্শ ও লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করা।

মুনাফা ও সম্পদের পরিমাণ বৃদ্ধি করে বিনিয়োগকারী ও শেয়ারহোল্ডারদের স্বার্থ রক্ষা করা।

সর্বোপরি দেশ ও সমগ্র জাতির সামগ্রিক উন্নয়ন ও সমৃদ্ধির কর্মকান্ডে অংশগ্রহণসহ অবদান রাখা।

### ১.৪ কার্যাবলী (Functions)

ওজোপাডিকো তার সম্মানিত গ্রাহকদের বিদ্যুৎ সরবরাহ প্রদানের সাথে সাথে রুটিন ভিত্তিক নিম্নবর্ণিত কাজ সম্পাদন নিশ্চিত করে।

**বানিজ্যিক কর্মকান্ডঃ**

ওজোপাডিকো'র আওতাধীন বিক্রয় ও বিতরন বিভাগ/ বিদ্যুৎ সরবরাহ ইউনিট সর্বমোট ৪৮টি। সকল বিক্রয় ও বিতরন বিভাগ/ বিদ্যুৎ সরবরাহ ইউনিট নিম্ন বর্ণিত বানিজ্যিক কার্যক্রমের সাথে সরাসরি সম্পৃক্তঃ

- গ্রাহক আঙ্গিনায় মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা;
- প্রতিমাসে নির্দিষ্ট সময়ে গ্রাহকের মিটার রিডিং গ্রহণ, বিল প্রস্তুতকরণ ও বিল বিতরণ;
- গ্রাহকের আবেদনের প্রেক্ষিতে নিয়মনীতি পালন স্বাপেক্ষে নতুন সংযোগ প্রদান;
- অনিয়মের কারনে গ্রাহক সংযোগ বিচ্ছিন্নকরণ এবং প্রয়োজনীয় সংশোধন নিশ্চিত হলে পুনঃসংযোগ প্রদান;
- বিদ্যুৎ বিল আদায় কার্যক্রম;
- নতুন গ্রাহকের মিটার সিলিং ও নিয়মিত চেকিং;
- রুটিন মাফিক বাণিজ্যিক পরিচালন সম্পর্কিত অন্যান্য কাজ।

**পরিচালন কর্মকান্ডঃ**

- বিতরন লাইন ও উপকেন্দ্র সমূহ পুর্নবাসন, মেরামত ও সংরক্ষণ;
- মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে উপকেন্দ্র স্থাপন ও ক্ষমতা বৃদ্ধি;
- নিয়মিত ট্রান্সফরমার লোড ব্যালান্সিং;
- রুটিন ভিত্তিক সিস্টেম মিটার চেকিং এবং টেষ্টিং;
- অগ্রাধিকার ভিত্তিতে গ্রাহক অভিযোগ নিষ্পত্তিকরণ;
- রুটিন মাফিক সংরক্ষণ কার্যাদি সম্পন্ন করা;
- সিস্টেম ভোল্টেজ উন্নতকরণের জন্য ক্যাপাসিটর ব্যাংক স্থাপন।

## সেকশন-২

### ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ এর কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৭-১৮ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ (জুলাই/১৬ হতে এপ্রিল/১৭ পর্যন্ত) | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১) বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠির আওতা সম্প্রসারণ | সুবিধাপ্রাপ্ত সংখ্যা | সংখ্যা | ৫৫৪৪১ | ৫৫১৩১ | ৫০,০০০ | ৫৫০০০ | ৬০০০০ | ওজোপাডিকো | |
| ২) বিতরণ ব্যবস্থার উন্নয়ন | সিস্টেম লস | % | ৯.৯৮ | ৯.৪৪ | ৯.৪০ | ৯.৪০ | ৯.৩৫ | ওজোপাডিকো | |
| ৩) নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ | SAI DI | মিনিট | ৭২৩ | ৩৬৪ | ৪০০ | ৪০০ | ৪০০ | ওজোপাডিকো | |
| ৪) মানব সম্পদ উন্নয়ন | গড় প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণ ঘন্টা | ৭২.৬১ | ৭২.৩৯ | ৭০ | ৭০ | ৭০ | ওজোপাডিকো | |
| ৫) টেকসই ও নবায়নযোগ্য জ্বালানির উন্নয়ন | সোলারসংযোগবৃদ্ধি | টি | - | - | ২ | ১ | ১ | ওজোপাডিকো | |
| ৬) লাইন নির্মাণ করার মাধ্যমে বিদ্যুৎ বিতরণ সম্প্রসারণ | বিতরণ লাইন নির্মাণ | কিঃমিঃ | ৬১ | ৮৭.৫০ | ১৩০ | ১৩৫ | ১৪০ | ওজোপাডিকো | |

সেকশন-৩

| কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ (WZPDC) | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| Sl. | Performance Indicator | Unit | 2016-17 | | 2017-18 | | | | | |
| | | | Target | Achieve | Weight of P I | 100% | 90% | 80% | 70% | 60% |
| 1 | Construction of Distribution Lines | Km | 65 | 87.5 | 5 | 130 | 100 | 90 | 80 | 70 |
| 2 | Construction/Capacity enhancement of Distribution Substation | MVA | 70 | 40 | 5 | 80 | 75 | 70 | 65 | 60 |
| 3 | Distribution System Loss | % | 9.90 | 9.44 | 8 | 9.40 | 9.50 | 9.60 | 9.70 | 9.80 |
| 4 | Accounts Receivable | Eqv. Month | 2.0 | 2.55 | 7 | 1.9 | 2.0 | 2.1 | 2.2 | 2.3 |
| 5 | System Average Interruption Duration Index (SAIDI) | Minutes | 500 | 364 | 2 | 400 | 410 | 420 | 430 | 450 |
| 6 | System Average Interruption Frequency Index (SAIFI) | Times | 35 | 24 | 2 | 20 | 22 | 24 | 26 | 28 |
| 7 | Average Annual Training Hour | Hours | 70 | 72 | 3 | 70 | 66 | 64 | 60 | 55 |
| 8 | Installation of Prepaid Meter | Number | 10,000 | 29132 | 3 | 35,000 | 34,000 | 33,000 | 32,000 | 31,000 |
| 9 | New Connection to Households | Number | 50,000 | 55131 | 3 | 50,000 | 45,000 | 42,000 | 40,000 | 38,000 |
| 10 | Collection Bill ratio | % | 98.0 | 98.79 | 6 | 98.50 | 98.40 | 98.30 | 98.20 | 98.10 |
| 11 | Current Ratio | Ratio | 1.2:1 | 1.39:1 | 4 | 1.5:1 | 1.45:1 | 1.4:1 | 1.35:1 | 1.30:1 |
| 12 | Quick Ratio | Ratio | 1.1:1 | 1.13:1 | 3 | 1.2:1 | 1.1:1 | 1:1 | 0.9:1 | 0.8:1 |
| 13 | Debt Service Coverage Ratio | Ratio | 1.2:1 | 1.17:1 | 3 | 1.25:1 | 1.20:1 | 1.15:1 | 1.10:1 | 1:1 |
| 14 | Accounts Payable | Month | 1.25 | 1 | 4 | 1.2 | 1.3 | 1.4 | 1.5 | 1.6 |
| 15 | DSL Payment to the Government | Taka | Current+10% of Arrear | 0 | 4 | Current+10 % of Arrear | Current+8% of Arrear | Current+6% of Arrear | Current+4 % of Arrear | Current+2% of Arrear |
| 16 | Power Factor at each Billing Point | % | 90.0 | 91.8 | 4 | 90.0 | - | N.A | N.A | N.A |
| 17 | Solar Charging Station Build and Operationalized | Number | | | 2 | 2 | 1 | N.A | N.A | N.A |
| 18 | Percentage of Overloaded Transformer | % | 0.8 | 0.8 | 4 | 0.5 | 0.6 | 0.7 | 0.8 | 0.9 |
| 19 | Implementation of ADP (Financial) | % | | 52.54 | 2 | 100 | 90 | 80.00 | 70.00 | 60.00 |
| 20 | E-GP tendering (all local below 100 crore)which is applicable | % | | | 4 | 100 | 90 | 80 | 70 | 60 |
| 21 | Bill distribution by Out sources | no. of Div. | | | 2 | 5 | 4 | 3 | 2 | 1 |
| | | | | | 80 | | | | | |

# দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

## (মোট নম্বর - ২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৭-১৮ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৪ | ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | .৫ | ১৯ এপ্রিল | ২৩ এপ্রিল | ২৫ এপ্রিল | ২৬ এপ্রিল | ২৭ এপ্রিল |
| | | মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ১৫ জুন | ১৮ জুন | ১৯জুন | ২০ জুন | ২১ জুন |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৬ জুলাই | ১৮ জুলাই | ১৯ জুলাই | ২০ জুলাই | ২৩ জুলাই |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | .৫ | ৪ | ৩ | - | - | - |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৪ জানুয়ারি | ১৬ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২১ জানুয়ারি | ২২ জানুয়ারি |
| কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৯ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা | ইউনিকোড ব্যবহার নিশ্চিতকৃত | % | .৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারি নিশ্চিতকরণ | পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারিকৃত | % | .৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ |
| | | দপ্তর/সংস্থায় কমপক্ষে দুইটি অনলাইন সেবা চালু করা | কমপক্ষে দুইটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | দপ্তর/সংস্থার কমপক্ষে ৩ টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | কমপক্ষে ৩টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ১৫ মার্চ | - |
| | | দপ্তর/সংস্থা ও অধীনস্থ কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও SIP-সমূহের ডাটাবেজ প্রস্তুতকৃত | তারিখ | ১ | ৪ জানুয়ারি | ১১ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ৩১জানুয়ারি |
| | | | উদ্ভাবনী উদ্যোগ ও SIP রেপ্লিকেটেড | সংখ্যা | ১ | ২৫ | ২০ | ১৫ | ১০ | |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ৩ | অডিট আপত্তি নিষ্পত্তি | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৭--১৮ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ১ | ১ ফেব্রুয়ারি | ১৫ ফেব্রুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ২৮ মার্চ | ১৫ এপ্রিল |
| | | | অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | .৫ | ১ ফেব্রুয়ারি | ১৫ ফেব্রুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ২৮ মার্চ | ১৫ এপ্রিল |
| | | দপ্তর/সংস্থায় কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা | কল্যাণ কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েব সাইটে প্রকাশিত | তারিখ | .৫ | ১৫ অক্টোবর | ২৯অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৪ ডিসেম্বর |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ২ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময়* | জনঘণ্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | .৫ | ১৩ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | .৫ | ৪ | ৩ | - | - | - |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | .৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| | | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | .৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| | | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৪ ডিসেম্বর |

আমি , ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, বিদ্যুৎ বিভাগ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বিদ্যুৎ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসাবে ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

মোঃ শফিক উদ্দিন
ব্যবস্থাপনা পরিচালক
ওজোপাডিকোলিঃ, খুলনা।

২০-০৬-২০২৫

.................................................

ব্যবস্থাপনা পরিচালক,
ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ

তারিখ

২০-০৬-২০২৫

.................................................

সচিব, বিদ্যুৎ বিভাগ

তারিখ

সংযোজনী- ২

## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী সংস্থা এবং পরিমাপ পদ্ধতি

| ক্রমিক নম্বর | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা/দপ্তর | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | বিতরণ লাইন সংযোজন | জনগণের নিকট বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে বিতরণ লাইন নির্মাণ | ওজোপাডিকো | | |
| ২ | বিতরণ উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি | জাতীয় গ্রিড থেকে সরবরাহকৃত বিদ্যুৎ জনগণের নিকট পৌছানোর লক্ষ্যে বিতরণ উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি/নির্মাণ | ওজোপাডিকো | | |
| ৩ | সিস্টেম লস হ্রাস | বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন, জবাবদিহিতা ও স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে বিদ্যুৎ সংস্থা/কোম্পানিসমূহের সিস্টেম লস হ্রাসকরণ | ওজোপাডিকো | | |
| ৪ | প্রি-পেইড মিটার স্থাপন | গ্রাহকের বিদ্যুৎ বিল পরিশোধে ভোগান্তি হ্রাস ও রাজস্ব আদায় নিশ্চিতকরণ ও এনার্জি সাশ্রয়ের লক্ষ্যে প্রি- পেমেন্ট মিটার স্থাপন বৃদ্ধি | ওজোপাডিকো | | |
| ৫ | বকেয়া | বিলিং দক্ষতা বৃদ্ধি, রাজস্ব আদায় ও অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণের মাধ্যমে বিদ্যুৎ সংস্থা/কোম্পানি সমূহে বকেয়া হ্রাসকরণ | ওজোপাডিকো | | |
| ৬ | নতুন বিদ্যুৎ সংযোগ | বিদ্যুতায়নের মাধ্যমে নতুন সংযোগ প্রদান | ওজোপাডিকো | | |
| ৭ | গড় প্রশিক্ষণ প্রদান | বিদ্যুৎখাতে দক্ষ জনবল প্রতিষ্ঠার লক্ষ্যে পর্যাপ্ত প্রশিক্ষণ প্রদান | ওজোপাডিকো | | |

সংযোজনী-৩

## কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/ বিভাগের উপর নির্ভরশীলতা

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশারযৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |

বিঃদ্রঃ ওজোপাডিকো'র জন্য সংযোজনী-৩ প্রযোজ্য নয়।